

পরিশিষ্ট-থ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আজিমপুর, ঢাকা।

স্মারক নং: পপঅ/উঃওসঃ-১/৯৪/৮৫১/২৭৭৩(৬৪)

তারিখ: ৮/৮/১৯৯৯ ইং

প্রেরক: মোহাম্মদ হাবিবুর রহমান
পরিচালক (উপকরণ ও সরবরাহ)

প্রাপক: উপ-পরিচালক (সকল)
পরিবার পরিকল্পনা,
.....।

বিষয়: পরিবার পরিকল্পনা বিভাগীয় স্টোরের নিরাপত্তা বিষয়ক নির্দেশাবলি।

বাংলাদেশে পরিবার পরিকল্পনা সরকারের প্রাধিকারপ্রাপ্ত একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনস্থ গুদাম ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ হইতে অনেক মূল্যবান পরিবার পরিকল্পনা দ্রব্যাদি ও ঔষধপত্র অপচয় ও চুরি হইতেছে। সরকারি সম্পদের ক্ষতি ও অপচয় রোধের আশু ব্যবস্থা গ্রহণ প্রয়োজন বিধায় এই বিষয়ে নিম্নবর্ণিত কয়েকটি নির্দেশাবলি প্রদান করা হইল:

১. পরিবার পরিকল্পনা গুদাম ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে সরকারি সম্পদ রক্ষার ব্যবস্থা গ্রহণ করার দায়িত্ব স্থানীয় কর্তৃপক্ষের। কর্মকর্তা/কর্মচারীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করিতেছেন কিনা তার তদারকি করা এবং এই ব্যাপারে আশু ব্যবস্থা গ্রহণ করা একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। এই দায়িত্বে যেন কোনো প্রকার অবহেলা না হয় তার প্রতি লক্ষ্য রাখিতে হইবে।
২. যে সকল থানা পরিবার পরিকল্পনা স্টোরসমূহ থানা স্বাস্থ্য কমপ্লেক্সের চৌহদ্দির ভিতর অবস্থিত সেখানে স্বাস্থ্য বিভাগের নৈশ প্রহরী দ্বারা প্রহরার ব্যবস্থা হইতেছে কিনা তাহা নিশ্চিত করা আবশ্যিক।
৩. যে সকল থানা পরিবার পরিকল্পনা স্টোরসমূহ থানা স্বাস্থ্য কমপ্লেক্সের বাহিরে সেখানে বিভাগীয় কর্মচারী দ্বারা বিকল্প প্রহরার ব্যবস্থা করা।
৪. স্থানীয় পুলিশ প্রশাসনকে স্টোরের অবস্থান জানাইয়া টহল পুলিশের মাধ্যমে প্রহরার/সতর্ক দৃষ্টি রাখার অনুরোধ জানানো এবং প্রয়োজন অনুসারে স্থানীয় প্রশাসনের সাহায্য/সহযোগিতা কামনা করা।
৫. স্থানীয় অফিসের বিশেষ করিয়া স্টোরের সহিত সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে সাপ্লাই ম্যানুয়েলে বর্ণিত স্টোরের সকল প্রকার নিরাপত্তা বিধানে সর্বদা সচেতন থাকিয়া মনিটর করা এবং ইহার ব্যত্যয় ঘটিলে কঠোর প্রশাসনিক ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ/সুপারিশ করা।
৬. কোনো বহিরাগত/অপরিচিতকে স্টোরে প্রবেশ করিতে না দেওয়া এবং প্রয়োজনে এই সম্পর্কে স্থানীয় কর্তৃপক্ষ/পুলিশ/উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা।
৭. নিয়মানুযায়ী স্টোরের তালা সিল করা এবং চাবির যথাযথ নিরাপত্তা বিধান করা, পোকামাকড় ধ্বংসের ব্যবস্থা করা। অগ্নি নির্বাপক ব্যবস্থা সদা প্রস্তুত রাখা এবং প্রয়োজন অনুযায়ী অন্য যে কোনো নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা।

আপনার জেলাধীন স্টোর ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তা/কর্মচারীকে উল্লিখিত নির্দেশাবলি কঠোরভাবে অনুসরণ করার নির্দেশ প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হইল।

স্বাক্ষরিত

(মোহাম্মদ হাবিবুর রহমান)
পরিচালক (উপকরণ ও সরবরাহ)

স্মারক নং: পপঅ/উঃওসঃ-১/৯৪/৮৫১/২৭৭৩(৬৪)/১(১০৪)

তারিখ: ৮/৮/১৯৯৯ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন)/ (এমসিএইচ-সার্ভিসেস)/(আইইএম)/(অডিট)/(পরিকল্পনা)/(অর্থ) এই অধিদপ্তর।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা,বিভাগ।
- ৪। অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস্), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কেন্দ্রীয় পণ্যগার, মহাখালী, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যগার, পরিবার পরিকল্পনা,।
- ৭। সরবরাহ কর্মকর্তা, জেলা সংরক্ষিত পণ্যগার, পরিবার পরিকল্পনা,।
- ৮।।

স্বাক্ষরিত

(এ, টি, এম, রফিকুল ইসলাম)

উপ-পরিচালক (উপকরণ ও সরবরাহ)